# বাংলা

## প্রশ্নপত্র—I

## ( সাহিত্য )

| সময় : 3 ঘণ্টা | পূর্ণাঙ্ক : 250 |
|---|---|

**প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী**

**উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন**

প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বমোট আটটি (8) প্রশ্ন আছে।

পরীক্ষার্থীকে সর্বমোট পাঁচটি (5) প্রশ্নের উত্তর দিতে হবে।

**প্রথম (1)** এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক। অবশিষ্ট তিনটি (3) দুটি বিভাগ থেকে অন্তত একটি করে নির্বাচন করতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মান দেওয়া হয়েছে।

উত্তরগুলি বাংলা অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি ক্রমানুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করতে হলে স্পষ্টভাবে কেটে দেবেন। নাহলে সেটি অসম্পূর্ণ থাকলেও পরীক্ষা করা হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার যে অংশ খালি থাকবে পরিষ্কারভাবে কেটে দেবেন।

# BENGALI

## PAPER—I

## ( LITERATURE )

| Time Allowed : Three Hours | Maximum Marks : 250 |
|---|---|

**QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS**

**Please read each of the following instructions carefully before attempting questions**

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE question from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

## SECTION—A

**1.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর বাংলা ভাষায় লিখতে হবে (প্রত্যেক প্রশ্নের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(a) প্রাচীন বাংলা ভাষার কালগত সীমা নির্দেশ করে, এই যুগের ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলির সূত্রাকারে পরিচয় দিন। 10

(b) মধ্যভারতীয় আর্য (MIA) ও মাগধী প্রাকৃতের ঐতিহাসিক সম্পর্ক নির্ণয় করুন। 10

(c) বাংলায় প্রচলিত উপভাষা কয়টি? বঙ্গালী উপভাষা কোন্ অঞ্চলে ব্যবহৃত হয়? এই উপভাষার বৈশিষ্ট্যগুলির উল্লেখ করুন। 10

(d) ইন্দো-ইউরোপীয় ভাষাবংশের পাঁচটির পরিচয় দিন। এই সম্পর্কে যা জানেন, লিখুন। 10

(e) বাংলা অভিধানে পর্তুগীজ, ফারসী ও ইংরাজী শব্দের ব্যাপক অনুপ্রবেশ ঘটেছে কেন? তিনটি ভাষা থেকে কয়েকটি শব্দের উদাহরণ দিন। 10

**2.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) প্রয়োগ ও ব্যবহারগত দিক থেকে সাধু বাংলা ও চলিত বাংলা ভাষার পার্থক্যগুলি লিখুন। 20

(b) বাংলা ভাষায় কয়টি কারক আছে? প্রতিটি কারকের বিভক্তিগুলির উল্লেখ করুন। বাক্যের সাহায্যে অপাদান কারকের তিনটি উদাহরণ দিন। 15

(c) বর্তমানে প্রচলিত অভিধানগুলিতে একই শব্দের ভিন্ন ভিন্ন বানান দেখা যায়। এমন তিনটি শব্দের উদাহরণ দিয়ে এই সমস্যা সমাধানে আপনার মতামত সবিস্তারে ব্যক্ত করুন। 15

**3.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) স্বরভক্তি, স্বরাগম, সমীভবন ও স্বরসঙ্গতি সম্পর্কে বিস্তৃত আলোচনা করুন। 20

(b) দল বলতে কি বোঝায়? উদাহরণসহ এক এবং বহুদল শব্দে ব্যঞ্জনধ্বনির সংযুক্তির বৈচিত্র্য বর্ণনা করুন। 20

(c) বাংলায় প্রচলিত দশটি সংখ্যাবাচক শব্দের সংস্কৃত থেকে বিবর্তনের রূপ দেখান। 10

4. নিম্নলিখিত সবগুলির উপর টীকা লিখুন :

(a) জোড়কলম শব্দ ও মুণ্ডমাল শব্দ 10

(b) নাসিক্যীভবন ও স্বতোনাসিক্যীভবন 10

(c) মৌলিক স্বরধ্বনি (Cardinal vowels) 10

(d) বাংলা যৌগিক বাক্য গঠনের প্রক্রিয়া ও উদাহরণ 10

(e) পরিপূরক অবস্থান ও মুক্তবৈচিত্র্য 10

## SECTION—B

5. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন (প্রত্যেক প্রশ্নের প্রত্যাশিত শব্দসংখ্যা *150*) : 10×5=50

(a) কৃত্তিবাসের অনুবাদ কর্মে মূলানুগত্য ও মৌলিকতার পরিচয় দিন। 10

(b) চর্যাগীতি গূঢ় সাধনতত্ত্বের গান হলেও সেখানে নিম্নবর্গীয় জনজীবনের কথা পাওয়া যায়। উদ্ধৃতিসহ বক্তব্যের যাথার্থ্য বিচার করুন। 10

(c) 'মনসামঙ্গল' কাব্যের প্রধান চরিত্র চাঁদ সওদাগরের প্রতিবাদী ভূমিকা মধ্যযুগের বাংলা সাহিত্যে দুর্লভ বলে মনে করেন কিনা, বুঝিয়ে দিন। 10

(d) ''অভিসারের পদে গোবিন্দদাস রাজাধিরাজ''—গোবিন্দদাস সম্পর্কে সমালোচকের এই দাবির যৌক্তিকতা বিচার করুন। 10

(e) গণনাট্য সংঘের উদ্দেশ্য বিবৃত করে বিজন ভট্টাচার্যের সংক্ষিপ্ত পরিচয় দিন। 10

6. নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

(a) বাংলা গদ্যচর্চায় উনিশ শতকের সাময়িকপত্রগুলির অবদান কতটা গুরুত্বপূর্ণ বলে আপনি মনে করেন তা বুঝিয়ে দিন। 15

(b) বাংলা সাহিত্যে আরাকান রাজসভার কবিদের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে দুজন বিখ্যাত কবির কৃতিত্ব বর্ণনা করুন। 20

(c) সবুজপত্র-পর্বে রচিত রবীন্দ্রগল্পে রাজনীতির আমদানি গল্পের শিল্পোৎকর্ষ ব্যাহত করেছে বলে অনেকের অনুমান। অন্তত দুটি গল্প অবলম্বনে এ বিষয়ে আপনার অভিমত ব্যক্ত করুন। 15

**7.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

*(a)* ''মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রথম যুগের উপন্যাসে বিশেষ কোনো মতবাদের প্রাধান্য নেই, আছে নরনারীর আত্মপ্রকাশের বিস্ময়কর উপস্থাপনা।'' উদাহরণসহ মন্তব্যটি সমর্থন বা খণ্ডন করুন। 15

*(b)* বঙ্কিমচন্দ্রের উপন্যাসগুলি কি একালেও প্রাসঙ্গিক? উপযুক্ত উদাহরণসহ আপনার মতামত ব্যক্ত করুন। 15

*(c)* ''তিরিশের দশকের বাংলা কবিতা রবীন্দ্রনাথের ভাব ও রীতির বিরোধিতা করেও রবীন্দ্র-প্রভাব অতিক্রম করতে পারেনি।'' আপনি কি এ মত সমর্থন করেন? যুক্তিসহ আপনার অভিমত ব্যক্ত করুন। 20

**8.** নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের উত্তর দিন :

*(a)* বাংলা প্রবন্ধ সাহিত্যের ধারায় প্রমথ চৌধুরী এবং স্বামী বিবেকানন্দের সাফল্য সংক্ষেপে বিচার করুন। 20

*(b)* উনিশ শতকের নবজাগরণে বিদ্যাসাগর কি কি ভূমিকা পালন করেছিলেন? রবীন্দ্রনাথ কেন তাঁকে বাংলা গদ্যের প্রথম যথার্থ শিল্পীর আখ্যা দিয়েছিলেন, সবিস্তারে আলোচনা করুন। 15

*(c)* সমকালীন অন্যান্য নারী ঔপন্যাসিকদের সঙ্গে তুলনা করে আশাপূর্ণা দেবীর স্বাতন্ত্র্য ও বৈশিষ্ট্য স্পষ্ট করুন। 15

★★★